

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৪৭

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - হাশর

اَلْفَصْلُ الثَّنِفْ (بَابِ الْحَشْر)

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ سَرَّهُ أَنْ يَنْظُرَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ كَأَنَّهُ رَأْيُ عَيْنٍ فليَقرأ: (إِذَا الشَّمسُ كُوِّرَتْ) و (إِذَا السَّماءُ انفطرَتْ) و (إِذَا السَّماءُ انشقَتْ) رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِي

اسناده حسن ، رواه احمد (2 / 27 ح 4806) و الترمذى (3333) ـ (حسن)

#### বাংলা

৫৫৪৭-[১৬] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাস্লুল্লাহ (সা.) বলেছেন: যে ব্যক্তি কিয়ামতের দৃশ্যটি এমনভাবে দেখতে পছন্দ করে যে, তা তার চোখের সামনে উপস্থিত সে যেন (إِذَا الشَّمَانُ الفَطْرَتُ) "যখন সূর্য আলোহীন হয়ে যাবে"- (সূরাহ্ আত্ তাকভীর ৮১: ১); এবং (إِذَا السَّمَاءُ انفَطْرَتُ) "যখন আকাশ বিদীর্ণ হবে"- (সূরা আল ইনফিত্বা-র ৮২: ১); ও (إِذَا السَّمَاءُ انشَقَّتُ) "যখন আকাশ ভেঙ্গে খান খান হয়ে যাবে"- (সূরা আল ইনশিক্কাক ৮৪: ১); এ সূরাহ্ কয়েকটি (মর্ম বুঝে) পাঠ করে। (আহমাদ ও তিরমিযী)

## ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৩৩৩, সিলসিলাতুস সহীহাহ ১০৮১, মুসনাদে আহমাদ ৪৮০৬, সহীহুল জামি ৬২৯৩, আল মুসতাদরাক' লিল হাকিম ৮৭১৯।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: (مَنْ سَرَّهُ أَنْ يَنْظُرَ إِلَى يَوْمِ الْقِيَامَةِ) অর্থাৎ যে ব্যক্তি কিয়ামত দিবসের অবস্থা ও তার ভয়াবহতা সম্পর্কে জেনে সম্ভুষ্ট হতে চায়।

(كَأَنَّهُ رَأْيُ عَيْنٍ) अरहारथ मिथा वा रहार्थत সाমन দেখा। यमन जूमि वर्ल थाक (كَأَنَّهُ رَأْيُ عَيْنٍ) (كَأَنَّهُ رَأْيُ عَيْنِ) जामि वर्खिरक তোমার हारथत সামনে রাখলাম যাতে जूमि मिथर পার।

(الشَّمْسُ كُوِّرَتُ) হাফিয ইবনু কাসীর-এর ব্যাখ্যায় বলেন, এর অর্থ (الشَّمْسُ كُوِّرَتُ) অন্ধকার হয়ে পড়বে। মুজাহিদ (রহিমাহুল্লাহ) বলেন, যখন তা বিলীন ও অন্তর্হিত হবে। আওফী, মুজাহিদ ও যহুবক একই অর্থ বলেন। কতাদাহ্ (রহিমাহুল্লাহ) বলেন: যখন তার আলো দূরীভূত হবে। (كُوِّرَتُ) -এর ব্যাখ্যায় রাবী ইবনু হাস্পাম বলেন, যখন তাকে ছুঁড়ে ফেলা হবে। আবূ সালিহ বলেন, এর অর্থ যখন তাকে নিক্ষেপ করা হবে এবং উল্টানো হবে। যায়দ ইবনু আসালাম (রহিমাহুল্লাহ) বলেন, জমিনে নিপতিত হবে। ইবনু জারীর (রহিমাহুল্লাহ) বলেন, আমাদের নিকট সঠিক ব্যাখ্যা হলো, কোন বস্তুকে অপর বস্তুর সাথে একত্রিত করাকে (تَكُوِيرُ) বলা হয়। এখান থেকে الْعَمَامَةُ পাগড়ির কোন অংশকে অন্য অংশের সাথে মিলানো।

তখন আল্লাহর বাণী, (کُوّرَتْ) এর অর্থ হবে তার কিছু অংশ অন্য অংশের সাথে একত্রিত করা। অতঃপর তা লেপ্টিয়ে নিক্ষেপ করা। যখন এরূপ করা হবে তখন তা আলোহীন হয়ে পড়বে। হাফিয ইবনু কাসীর (রহিমাহুল্লাহ) বলেন, (انْصَدَعَتْ) অর্থ (انْشَقَّتْ) বিদীর্ণ হওয়া এবং (انْشَقَّتْ) অর্থ (انْفَطَرَتْ) ফেটে যাবে; এ সূরাগুলো উল্লেখ করার উদ্দেশ্য হলো এগুলোতে কিয়ামত দিবসের ভয়াবহ আতঙ্কজনক অবস্থার কথা উল্লেখ করা হয়েছে। (তুহফাতুল আহওয়াযী ৮ম খণ্ড, হা. ৩৩৩৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন